

Child Adoption Procedures in West Bengal



শিশু বিকাশ দপ্তর এবং
নারী উন্নয়ন ও
সমাজ কল্যাণ দপ্তর



আপনি কি দত্তক নিতে চান? তবে দত্তক নেওয়ার নিয়মগুলি জেনে নিন।

শিশু সন্তান দত্তক নেবার নিয়মাবলী

কোনো ব্যক্তি বা বিবাহিত দম্পতি যারা শিশু দত্তক গ্রহণ করতে ইচ্ছুক নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে ওয়াকিবহাল থাকবেন।

- ১) যে কোনো নিঃসন্তান দম্পতি, একক পিতা/মাতা বা নিজের সন্তান আছে এরূপ দম্পতি দত্তক গ্রহণ করতে পারবেন।
কোনো একক পিতা কন্যা সন্তান দত্তক নিতে পারবেন না।
- ২) দত্তক নিতে হলে ইচ্ছুক ব্যক্তি বা দম্পতিকে আবশ্যিক ভাবে অনলাইনে নিবন্ধিকরণ করতে হবে ওয়েবসাইট : www.adoptionindia.nic.in
- ৩) রাজ্যের যে কোনো সরকার অনুমোদিত দত্তক প্রদানকারী সংস্থা থেকে বাসস্থান নির্বিশেষে দত্তক নেওয়া যায়। এছাড়াও ভারতবর্ষের যে কোনো রাজ্যের অনুমোদিত দত্তক সংস্থা থেকেও বাসস্থান নির্বিশেষে দত্তক নেওয়া যায়। এ বিষয়ে বিশদ তথ্য পাবেন নিম্নলিখিত ওয়েবসাইট www.adoptionindia.nic.in / www.wbcdwsw.gov.in
- ৪) দত্তক গ্রহণ করার খরচ নিম্নরূপ
ক) সংস্থায় নিবন্ধিকরণের খরচ : ১,০০০ টাকা
খ) সংস্থা দ্বারা গৃহ পর্যবেক্ষণ রিপোর্ট তৈরী : ৫,০০০ টাকা
গ) দত্তক প্রক্রিয়া সমাপ্ত হবার পর সংস্থাকে প্রদেয় অর্থ : ৪০,০০০ টাকা
মোট খরচ - ৪৬,০০০ টাকা
- ৫) দত্তক গ্রহণ নির্ভর করে সংস্থায় দত্তকযোগ্য শিশুর উপস্থিতি এবং আইনি প্রক্রিয়ার উপর। এ বিষয়ে দত্তক নিতে ইচ্ছুক ব্যক্তিগণকে বৈধ রাখতে হবে এবং সংস্থার সাথে সহযোগিতা করতে হবে।
- ৬) ০-৩ বছর শিশু দত্তক নিতে হলে পিতা মাতা বয়সের যোগফল হতে হবে ৯০ বৎসর এবং কারো বয়স ২৫-এর কম বা ৫০-এর বেশি না হয়।
- ৭) ৩-৬ বছর শিশু দত্তক নিতে হলে পিতা মাতা বয়স হতে হবে ১০৫ বৎসর এবং ব্যক্তিগত বয়স ২৫-এর কম বা ৫৫-এর বেশি না হয়।
- ৮) কোনো ব্যক্তি বা দম্পতি কোনো সংস্থা থেকে যখন কোন শিশু দত্তক হিসাবে প্রতিপালনের জন্য গ্রহণ করবেন নিম্নলিখিত নথিপত্রগুলি সংস্থার কাছ থেকে সংগ্রহ করবেন।
ক) শিশুর ডাক্তারি পরীক্ষার রিপোর্টের প্রতিলিপি (MER)
খ) শিশুর পর্যবেক্ষণ রিপোর্টের প্রতিলিপি (CSR)
গ) প্রতিপালন যত্নের (Foster Care) চুক্তির প্রতিলিপি।
ঘ) শিশু কল্যাণ কমিটি কর্তৃক প্রদত্ত 'দত্তকের জন্য আইনত বৈধ' শংসাপত্রের প্রতিলিপি।
- ৯) উপরিলিখিত নিয়মাবলী ব্যতিরেকে অন্য যেকোন পদ্ধতিতে দত্তক গ্রহণ আইনত বৈধ বা স্বীকৃত নয়।

www.adoptionindia.nic.in | www.wbcdwsw.gov.in